

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৮৪

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৫. মালের বিনিময়ে বন্দীদের ছেড়ে দেওয়া।

باب فِي فِدَاءِ الأَسِيرِ بِالْمَالِ

## আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ أَبِي مَرْيَمَ، حَدَّتَنَا عَمِّي، - يَعْنِي سَعِيدَ بْنَ الْحَكَمِ - قَالَ أَخْبَرَنَا اللَّيْثُ بَنُ سَعْد، عَنْ عُقَيْل، عَنِ ابْنِ شِهَاب، قَالَ وَذَكَرَ عُرْوَةُ بْنُ الزُّبِيْرِ أَنَّ مَرْوَانَ، وَالْمِسْوَرَ بْنَ مَخْرَمَةَ، أَخْبَرَاهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَى الله عليه وسلم قَالَ حِينَ جَاءَهُ وَقْدُ هَوَازِنَ مُسْلِمِينَ فَسَأَلُوهُ أَنْ يَرُدَّ إِلَيْهِمْ أَمْوَالَهُمْ فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَعِي مُسْلِمِينَ فَسَأَلُوهُ أَنْ يَرُدَّ إِلَيْهِمْ أَمْوَالَهُمْ فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَعِي سَبْيَنَا فَقَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَأَثْنَى عَلَى اللَّهِ ثُمَّ قَالَ " أَمَّا بَعْدُ فَإِنَّ سَبْيَنَا فَقَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَأَثْنَى عَلَى اللَّهِ ثُمَّ قَالَ " أَمَّا بَعْدُ فَإِنَّ يَوْكُمُ أَنْ الْمَيْبَ ذَلِكَ فَلْعُلُ وَمَنْ أَحَبَّ مِنْكُمْ أَنْ يُكُونَ عَلَى حَظِّهِ حَتَّى نُعْطِيَهُ إِيَّاهُ مِنْ أَوَّلِ مَا يُغِيءُ اللَّهُ عَلَيْكُ فَلُوهُ مَنْ أَحَبَّ مِنْكُمْ أَنْ أَرُدَّ إِلَيْهِمْ سَبْيَهُمْ فَمَنْ أَحَبَّ مِنْكُمْ أَنْ يُطِيّلُ وَمَنْ أَحَبَّ مِنْكُمْ أَنْ اللهَ عَلَيْنَا فَلَيْفَعَلْ وَمَنْ أَحَلَ النَّاسُ قَدْ طَيَّبُنَا ذَلِكَ لَهُمْ يَا رَسُولَ اللَّهِ . فَقَالَ النَّاسُ قَدْ طَيَّبُولُ اللَّهِ مِنْ لَلهَ يَا رَسُولَ اللَّهِ . فَقَالَ لَهُمْ قَدْ رَبَّيْهُمْ فَرَفَعَ إِلَيْنَا عُرَفَاؤُكُمْ أَمْرَكُمْ " . فَرَجَعَ النَّاسُ فَكَلَّمَهُمْ عُرَفَاؤُهُمْ فَأَخْبَرُوهُمْ أَنَّهُمْ قَدْ حَتَّى يَرْفَعَ إِلَيْنَا عُرَفَاؤُكُمْ أَمْرَكُمْ " . فَرَجَعَ النَّاسُ فَكَلَّمَهُمْ عُرَفَاؤُهُمْ فَأَخْبَرُوهُمْ أَنَّهُمْ قَدْ طَيَّا يَلُولُ وَأَنْوُلًا .

## বাংলা

২৬৮৪. আহমদ ইবন আবূ মারয়ামা (রহঃ) ..... মারওয়ান ও মিসওয়ার ইবন মাখরামা (রাঃ) থেকে বর্ণিত। তঁরা বলেন, হাওয়াযিন গোত্রের লোকেরা ইসলাম গ্রহণের পর যখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হাযির হয়ে তাদের ধন-সম্পদ ফেরত চায়, তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা যা চাচ্ছ তা আমার কাছে মওজুদ আছে। সত্যকথা আমার নিকট খুব প্রিয়। তোমরা সিদ্ধান্ত নাও, হয় তোমরা তোমাদের বন্দীদের ফিনিয়ে নাও, নয় তোমাদের ধন-সম্পদ। তখন তারা বললঃ আমরা আমাদের বন্দীদের ফিরিয়ে নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছি।



তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে যান এবং আল্লাহ্র প্রশংসা করেন। এরপর বলেনঃ "এরপর তোমাদের এ ভাইয়েরা তওবা করে তোমাদের কাছে এসেছে। আর আমি এ ভাল মনে করছি যে, তাদের বন্দীদের তাদের হাতে ফিরিয়ে দেব। আর তোমাদের মাঝে যে একে ভাল মনে করবে, সে এরপ করবে, (অর্থাৎ এদের বন্দীদের ছেড়ে দেবে) আর তোমাদের মাঝে কেউ যদি তার হিসসা পাওয়ার জন্য যিদ কর, তবে আমি তাকে গণীমতের মাল হতে একটা অংশ দেব, আর এটা আল্লাহ্ প্রদত্ত বিশেষ দান, যা তিনি আমাদের দান করেছেন।

তখন সাহাবীরা বললেনঃ ইয়া রাসূলাল্লাহ্! আমরা তাদের কয়েদীদের মুক্তি দিতে রাযী আছি। সে সময় রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তদের বললেনঃ আমি বুঝতে পারিনি এ ব্যাপারে তোমরা কারা রাযী আছ এবং কারা রাযী নও। তোমরা ফিরে যাও এবং তোমাদের নেতাদের সাথে কথাবার্তা বলার পর তারা যেন এ ব্যাপারে আমার সাথে কথা বলে। তখন লোকেরা তাদের নেতাদের সাথে মতবিনিময় করল এবং পরে তারা বলল যে, তারা কয়েদীদের ফিরিয়ে দিতে রাযী আছে এবং এ ব্যাপারে তারা তাদের অনুমতি দিচ্ছে।

## **English**

Marwan and Al Miswar bin Makhramah told that when the deputation of the Hawazin came to the Muslims and asked the Apostle of Allaah(ﷺ) to return to them their property, the Apostle of Allaah( ) said to them "with me are those whom you see". The speech dearest to me is the one which is true, so choose (one of the two) either the captives or the property. They said "We choose our captives. The Apostle of Allaah (ﷺ) stood up, extolled Allaah and then said "To proceed, your brethren have come repentant I have considered that I should return their captives to them, so let those of you who are willing to release the captives act accordingly, but those who wish to hold on to what they have till we give them some of the first booty Allaah gives us may do so. The people said "We are willing for that (to release their captives), Apostle of Allaah. The Apostle of Allaah(ﷺ) said "We cannot distinguish between those of you who have granted that and those who have not, so return till your headmen may tell us about your affair. The people then returned and their headmen spoke to them, then they informed that they were agreeable and had given their permission.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মিসওয়ার ইবনু মাখরামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন